

সেপ্টেম্বর/২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

স্থান: ইউপি সভাকক্ষ

তারিখ: ২৪/০৯/২০২৩ ইং

সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভাপতি: মোঃ সহীদুল ইসলাম মজনু

ক্রঃনং	উপস্থিত সদস্য গণের নাম	পরিচয়	পদবী	স্বাক্ষর
০১	মোঃ সহীদুল ইসলাম মজনু	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	হাছিনা বেগম	সংরক্ষিত আসনের সদস্য, ১ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৩	রিংকু দত্ত	সংরক্ষিত আসনের সদস্য, ২ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোছাঃ শাহানা জ পারভীন	সংরক্ষিত আসনের সদস্য, ৩ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৫	মোঃ ইসাহাক সেক	সাধারণ আসনের সদস্য, ১ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৬	মোঃ মোসলেউদ্দিন	সাধারণ আসনের সদস্য, ২ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৭	মহঃ রেজাউল কবির খান	সাধারণ আসনের সদস্য, ৪ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৮	মোঃ আজগর হোসেন	সাধারণ আসনের সদস্য, ৫ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৯	কালাম সেক	সাধারণ আসনের সদস্য, ৬ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১০	মাইনুদ্দিন	সাধারণ আসনের সদস্য, ৭ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১১	মুহাম্মাদ ছদ্দুল হোসেন	সাধারণ আসনের সদস্য, ৮ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১২	মোঃ হিটলু খান	সাধারণ আসনের সদস্য, ৯ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত

অধ্যকার সভার সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান, ঈশান গোপালপুর ইউপি সাহেব সভার আসন গ্রহণ করলে সভার কাজ আরম্ভ করা হইল।

আলোচ্য সূচী- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচ্য সূচী- ২। ৩নং ওয়ার্ডের মহল্লাদার মোঃ মাইনুদ্দিন সেক কে চাকুরি হতে বরখাস্ত করা প্রসঙ্গে আলোচনা।

আলোচ্য সূচী- ৩। সেপ্টেম্বর/২০২৩ মাসে টিসিবি পণ্য বিতরণ প্রসঙ্গে।

আলোচ্য সূচী- ৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে ইউপি ট্রেড লাইসেন্স আদায় অর্থ হইতে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে আলোচনা।

আলোচ্য সূচী- ৫। বিবিধ

অধ্যকার সভার সম্মানিত সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্যবলী আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুভান যাহা অনুমোদিত হয়।

আলোচ্য সূচী- ২ : ৩নং ওয়ার্ডের মহল্লাদার মোঃ মাইনুদ্দিন সেক কে চাকুরি হতে বরখাস্ত করা প্রসঙ্গে আলোচনা।

অধ্যকার সভার সভাপতি মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান, ঈশান গোপালপুর ইউপি সাহেব এক প্রস্তাবে বলেন যে, ০৩নং ওয়ার্ডের মহল্লাদার মোঃ মাইনুদ্দিন সেক বিগত ১০/০৩/২০২২ ইং তারিখ হতে অদ্যাবদী পর্যন্ত ইউনিয়ন পরিষদে অনুপস্থিত রহিয়াছেন। তাকে বার বার বলা সত্ত্বেও সে ইউনিয়ন পরিষদে হাজির হন নাই ও পরিষদের কোন কাজ করেন না। বিধায় ০৩নং ওয়ার্ডের চলমান জন্ম-মৃত্যু কার্যক্রমসহ জনগন সরকারের গুরুত্বপূর্ণ সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তিনি আরো বলেন যে, উক্ত মোঃ মাইনুদ্দিন সেক এর ভোটার আইডি কার্ডে তাহার নামঃ মাইনুদ্দিন সিকদার পিতার নামঃ ছলিমুদ্দিন সিকদার ও জন্ম তারিখ ০২/০২/১৯৬৫কিন্তু পরবর্তীতে ভোটার আইডি কার্ড গোপন রাখিয়া সাবেক ইউপি চেয়ারম্যান জনাব নুরুজ্জামান চৌধুরী যখন ঈশান ইনস্টিটিউশন এর সভাপতি ছিলেন তখন তাহার নামের পদবী ও জন্ম তারিখ পরিবর্তন করিয়া মোঃ মাইনুদ্দিন সেক পিতাঃ ছলিমুদ্দিন সেক জন্ম তারিখঃ ২৮/১২/১৯৮৩ ব্যবহার করিয়া ভূয়া অষ্টম শ্রেণি পাশের সনদ পত্র দিয়া ১৩/০৬/২০১৩ ইং তারিখে ৩নং ওয়ার্ডের মহল্লাদার পদে চাকুরীতে যোগদান করান এবং ঐ সময় তাহার চাকুরীর বয়স ছিল না। ক্ষমতার অপব্যবহার করিয়া তাহাকে চাকুরীতে যোগদান করানো হয়েছিল এবং বর্তমানে সরকারের কোন আদেশ নির্দেশও তিনি মানেন না এবং অসামাজিক কার্যকলাপের সহিত জড়িত থাকায় তাহাকে চাকুরী হতে বরখাস্ত করা হউক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান, ঈশান গোপালপুর ইউপি সাহেবের প্রস্তাবটির উপর বিস্তারিত আলোচনা করিবার পর সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ এক মত হইয়া ০৩নং ওয়ার্ডের মহল্লাদার মোঃ মাইনুদ্দিন সেক চাকুরী হতে বরখাস্ত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হইল।

আলোচ্য সূচী- ৩। সেপ্টেম্বর /২০২৩ মাসে টিসিবি পণ্য বিতরণ প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলকে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, সেপ্টেম্বর /২০২৩ মাসে ৮৯৬জন উপকারভোগীর মধ্যে ৫কেজি চাউল, ২কেজি ডাল এবং ২লিটার সয়াবিন তেল টিসিবি পণ্য বিতরণ করা প্রয়োজন।

জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হইল। আলাপ-আলোচনা শেষে সঠিকভাবে টিসিবি পণ্য বিতরণের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল।

আলোচ্য সূচী -৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে ইউপি ট্রেড লাইসেন্স আদায় অর্থ হইতে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে আলোচনা।

অধ্যকার সভার সভাপতি মোঃ সহীদুল ইসলাম মজনু সাহেব এক প্রস্তাবে বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর/২০২৩ মাসে ইউপি ট্রেড লাইসেন্স আদায় অর্থ হতে ১৪৩,০০০/-টাকা উন্নয়নমূলক কাজে ব্যয় করা প্রয়োজন। সভায় উপস্থিত ইউপি সদস্য হাছিনা বেগম বলেন যে উক্ত অর্থ দ্বারা মাটির রাস্তা সংস্কার কাজ করা দরকার। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হইল। আলাপ-আলোচনা শেষে নিম্নরূপ প্রকল্পের মাধ্যমে হোল্ডিং ট্যাক্স আদায়ের টাকা ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

প্রকল্পের নাম : চরনশীপুর ব্রীজ হতে গরীব উল্যাহ মাতুলবরের বাড়ী পর্যন্ত রাস্তার দুইপাশ মাটি দ্বারা সংস্কার -১৪৩,০০০/-

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহীদুল ইসলাম মজনু)
চেয়ারম্যান, ঈশান গোপালপুর ইউপি
ফরিদপুর সদর, ফরিদপুর।